

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৮.০৩৮.২০১৭-১৮০

তারিখঃ ০৯/০২/২০১৭

বিষয়ঃ মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারি অনুদানভুক্ত সড়ক/প্রতিষ্ঠানের নামকরণ অপসারণ।

সূত্রঃ

- (১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা- ০৩.০৭৯.০১৬.০৪.০০.০৫.২০১৫-৮৬৪, তারিখঃ ০৮/১১/২০১৬
- (২) এ বিভাগের স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.০৪.০০৪.২০১১-১২৭২/১, তারিখঃ- ১৮/১২/২০১৬
- (৩) এ বিভাগের স্মারক নং-৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১-৬৯ তারিখঃ ২৩/০১/২০১৭


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারি অনুদানভুক্ত সড়ক/প্রতিষ্ঠানের নামকরণ অপসারণ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা গত ৩১/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। উভয় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) মহান স্বাধীনতা মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারি অনুদানভুক্ত সড়ক/প্রতিষ্ঠানের নামকরণ অপসারণপূর্বক ১৫/০২/২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।

(২) মহান স্বাধীনতা মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারি অনুদানভুক্ত সড়ক/প্রতিষ্ঠানের নামকরণ অপসারণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মহামান্য হাইকোর্ট ডিভিশনে যথাসময়ে প্রেরণ করতে হবে।

(৩) প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত প্রতিবেদনের বাইরে স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন কোন সড়ক প্রতিষ্ঠানের নামকরণ স্বাধীনতা বিরোধীদের নামে করা হলে তা অপসারণ করে প্রতিবেদন দিতে হবে।

বর্ণিত প্রেক্ষিতে, উক্ত সিদ্ধান্তের অনুযায়ী তাঁর উপজেলাধীন মহান স্বাধীনতা যুদ্ধের বিরুদ্ধে অবস্থানকারী ব্যক্তিদের নামে সরকারি অনুদানভুক্ত সড়ক/প্রতিষ্ঠানের নামকরণ অপসারণকরতঃ অগ্রগতি ই-মেইল/ফ্যাক্স/বিশেষ বাহক মারফত এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার) ০৯/০২/২০১৭

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১. বিভাগীয় কমিশনার, বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক, (সকল)
৩. সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১/সমন্বয় ও কাউন্সিল শাখা), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)